

উত্তম পুরুষ ও সৃষ্টি

শামস্ রহমান

জীবন-শরতের শেষ বিকেলের অবশিষ্ট বৃষ্টিটুকু তোমাকেই দিয়েছি।

সুদূর অতীতের অভিজ্ঞতার দীপ্ত শিখায়
খুঁজে নিয়েছি কালের বিবর্তনে সৃষ্ট জমিনে তাপ নির্যাসের গোপন গন্তব্যগুলো
অমাবস্যার অন্ধকারেও, 'এ পথে নয়, ও বাঁকে' – তোমার নিদিষ্ট তালিম ছাড়াই
নির্ভুল অয়নে সদস্তে উঠে গেছি কৌশলগত অনাবৃত পাহাড় চূড়ায়
পদ্মা পাড়ে ফলানো
আর জৈষ্ঠ্য কিরণে চিটে বকুলের স্বাদে-গন্ধে, বিজয়ের আনন্দে
ভরেছি অন্তর যতবার বেয়েছি শিখর
তারপর নির্ভীক বেশে পাদদেশে এসে
অনুদার উপত্যকা ডিঙ্গিয়ে
বিস্তীর্ণ ফলন্ত মালভূমি চষে
অবশেষে জলন্ত ভিসুভিয়াসের মুখোমুখি হয়েছি অসংখ্য যামিনী
তোমার অসহন জ্বালা পরিত্রাণে উত্তম ক্ষণে বারিয়েছি একরাশ মিষ্টি বৃষ্টি।

দ্যাখো, আগ্নেয় শিলায় মানবতার ভাস্কর্য হয়ে
সহস্র রজনীর খোয়াব আজ মোহনায় দাঁড়িয়ে।।

মেলবর্ণ, ১৯ ফেব্রুয়ারী, ২০২২